গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
যশোর সদর, যশোর
doict.sadar.jessore.gov.bd

## উপজেলা আইসিটি কমিটির জুন/২০২৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহরিয়ার হক
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর
সভার তারিখ ও সময় : ২৯/০৬/২০২৬ খ্রি. সকাল ১০.১৫ মিনিট
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'**

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা আইসিটি কমিটির সভায় মার্চ/২০২৬ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তগুলো দৃঢ়ীকরণ করা হয়।

১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | ওয়েব পোর্টালঃ<br>উপজেলা আইসিটি অফিসার জানান সরকারি দপ্তরের ওয়েব পোর্টালের মাধ্যমে নাগরিকগণ অনলাইনে ঘরে বসে যেকোন দপ্তরের সেবা ও কার্যক্রম সম্পর্কে জানতে পারেন। এজন্য প্রতিটা দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ থাকা দরকার। জনগণ পোর্টাল হতে কাংখিত তথ্য না পেলে সরকারি দপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হতে পারে। পোর্টালের রিপোর্ট হতে দেখা যায় অধিকাংশ দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ করা নেই। | উপজেলার যেসব দপ্তরের ওয়েব পোর্টালে কর্মকর্তা ও কর্মচারিদের তথ্য নেই সেসব দপ্তরের স্ব স্ব দপ্তর প্রধানকে হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া শতভাগ হালনাগাদকরণের জন্য উপজেলার সকল দপ্তর প্রধানদের বলা হয়। ওয়েব পোর্টালের দ্বিতীয় সংস্করণ চালু হওয়ায় স্ব-স্ব দপ্তরকে পোর্টালের প্রোফাইলে সংযুক্ত ইমেইল আইডি দিয়ে পাসওয়ার্ড রিসেট অপশনে গিয়ে নতুন পাসওয়ার্ড যুক্ত করে লগইন করার পরামর্শ দেওয়া হয়। এ বিষয়ে কারিগরী সহায়তা দেয়ার জন্য আইসিটি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারকে বলা হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ১.২ | ডি-নথি কার্যক্রমঃ<br>উপজেলা আইসিটি অফিসার জানান যশোর সদর উপজেলায় বিভিন্ন দপ্তরে ডি-নথি কার্যক্রমে সমস্যা হলে উপজেলা আইসিটি অফিসের সহযোগিতা নেয়া যেতে পারে। | উপজেলা পর্যায়ে ডি-নথি সিস্টেমে ১৮ টি দপ্তর লাইভে সক্রিয় আছে। এই দপ্তরগুলোর ডি-নথির কার্যক্রম আরও জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধানগণ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১.৩ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সংক্রান্তঃ আইসিটি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্প হতে ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ওয়াই-ফাই সংযোগ প্রদানের কাজ চলমান আছে। ২৪২ টি প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ব্রডব্যান্ড ওয়াই-ফাই সংযোগ প্রদান করা হয়েছে। | সংযোগ প্রদানের কাজে ভেন্ডর প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত হয় । সংযোগ প্রদানকৃত ১১৭ টি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ভেন্ডর প্রতিষ্ঠানের ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন হয়েছে। উপজেলা আইসিটি অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, Link3 প্রতিনিধি এবং সংযোগ প্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে ওয়াইফাই অভিযোগ সংক্রান্ত একটি হোয়াটসএপ গ্রুপ খোলা হয়েছে। যেখানে ইন্টারনেট সম্পর্কিত যেকোন অভিযোগ ১ কর্মদিবসের মধ্যে Link3 ভেন্ডর প্রতিষ্ঠান সমাধান করবে। | সংশ্লিষ্ট দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান। |
| ১.৪ | আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ | আইসিটি অধিদপ্তর হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ল্যাবগুলো শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে ব্যবহারের জন্য একটি পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। কমিটির সদস্যবৃন্দ ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা আইসিটি অফিসার<br>৩। ইন্সট্রাক্টর, ইউআরসি<br>৪। ৩। জনাব প্রবীর মিত্র, সহকারী উপজেলা শিক্ষা অফিসার<br>৫। জনাব বিজন কুমার প্রামানিক, সহকারী পল্লী উন্নয়ন অফিসার, যশোর সদর |
| ১.৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ | ১.৪ এ বর্ণিত কমিটি মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম পরিদর্শন করে কতগুলো স্কুলে তা সচল আছে তার প্রতিবেদন প্রেরণ করবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.৪ এ বর্ণিত কমিটি |
| ১.৬ | ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্তঃ | যশোর সদর উপজেলায় শিক্ষিত বেকার যুবক-যুবতীদের নিয়ে উপজেলার এডিপি খাতের বরাদ্দ হতে ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করার জন্য একটি ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। কমিটি প্রশিক্ষণের মডিউল প্রণয়নসহ সম্ভাব্যতা যাচাই ও যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা আইসিটি অফিসার ও<br>৩। জনাব প্রবীর মিত্র, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, যশোর সদর |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১.৭ | বিবিধ | উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৯/৬/২৫

(মোঃ শাহরিয়ার হক)
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৪৩২
ইমেইল: unojessore@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৪১৪৭.০০০.০০০.০৬.০০০১.২৫. ২৯

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুন ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, যশোর।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপজেলা.......................................অফিসার, সদর, যশোর।

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.......................................................

৩। জনাব .......................................................................

২৯/৬/২৫

(মোঃ আব্দুল করিম)
সহকারী প্রোগ্রামার
যশোর সদর, যশোর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর

CamScanner